# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৩৮৩

তারিখ: ২০ আশ্বিন, ১৪২৭ / ০৫ অক্টোবর, ২০২০

বিষয়: **একাদশ জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ ও ৫১ নওগাঁ-৬, নির্বাচনী এলাকায় নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।**

সূত্র:- ১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮-৭৩০; তারিখ: ২৪ সেপ্টেম্বর, ২০২০
২. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮-১৯৩; তারিখ: ১৩ সেপ্টেম্বর. ২০২০
৩. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮-১৯৪; তারিখ: ১৩ সেপ্টেম্বর. ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রদ্বয়ে উল্লিখিত নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ১৭ অক্টোবর, ২০২০ তারিখ শনিবার একাদশ জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ ও ৫১ নওগাঁ-৬, নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সার্বিক সহযোগিতাপূর্বক নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান সম্পর্কে সচেতন থেকে নির্বাচনী দায়িত্ব যথাযথভাবে পালনের নিমিত্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট এলাকার মাদ্রাসাসমূহের শিক্ষক/কর্মচারীকে সূত্রোক্ত ২নং ও ৩নং স্মারকদ্বয়ের নির্দেশনাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৬ (ছয়) পাতা।

০৫.১০.২০২০

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক: শিক্ষক/কর্মচারী,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সংশ্লিষ্ট এলাকার মাদ্রাসাসমূহ।

স্মারক নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৩৮৩(৮)

তারিখ: ২০ আশ্বিন, ১৪২৭ / ০৫ অক্টোবর, ২০২০

**সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট এলাকা);
২. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৩. জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
(তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৬. সভাপতি/সদস্যবৃন্দ- গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি; বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট মাদ্রাসাসমূহ;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস

৫/১০/২০২০

**মোঃ ওমর ফারুক**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭

E:\Admin\Jafar\Madrasah Letter\18.730 Election Help.Docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮-৭৩০ | তারিখ: ৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **একাদশ জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ ও ৫১ নওগাঁ-৬ নির্বাচনী এলাকায় নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।**

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮.১৯৩; তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২০
২। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮.১৯৪; তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রদ্বয়ের কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। তাঁর অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ নির্বাচনী দায়িত্ব যথাযথভাবে পালন, নির্বাচন কমিশনকে সহযোগিতাপূর্বক নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান যাতে যথাযথভাবে অনুসরণ করা হয় সে বিষয়ে পত্রদ্বয়ের আলোকে নির্দেশনা প্রদানের লক্ষ্যে আদিষ্ট হয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চার) পাতা।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং-
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন / কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপ./পরীক্ষা
হিসাব রক্ষণ কর্মকর্তা
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
উপ-সহকারী প্রকৌশলী
রেজিস্ট্রার

DIA

২৪-৯-২০২০
মীর জাহিদ হাসান
যুগ্মসচিব
ফোন: ০২-৪১০৫০১৩০
ইমেইল: jstmed7@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসার নয়):
১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা

একাডেমী (নেকটার), বগুড়া
৬) অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮-৭৩০/১(২)

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি: (সদয় অবগতির জন্য প্রেরণ করা হল):
১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২৪-৯-২০২০
মীর জাহিদ হাসান
যুগ্মসচিব

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নম্বর: ২৮৮ তারিখ: ১৭/৯/২০

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮.১৯৩

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭ / ১৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **একাদশ জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ ও ৫১ নওগাঁ-৬ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৫৮ তারিখ: ০৭.০৯.২০২০।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ১৭ অক্টোবর ২০২০ তারিখ শনিবার একাদশ জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ ও ৫১ নওগাঁ-৬ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ যাতে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেন এবং কর্তব্য সম্পাদনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করেন, সে বিষয়ে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছে।

২। এ প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের জন্য জারিকৃত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকুরি ও নিয়ন্ত্রণ এবং ৫ ও ৬ ধারায় যথাক্রমে শৃঙ্খলামূলক ও দণ্ডের বিধানাবলি সন্নিবেশিত রয়েছে।

৩। উল্লেখ্য যে নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব অর্পিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী 'নির্বাচন কর্মকর্তা' হিসেবে বিবেচিত হবেন এবং উক্ত দায়িত্ব পালনের জন্য তিনি নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। নির্বাচন কমিশন সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান এমনকি বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের কাছে লিখিতভাবে কোনো তথ্য সরবরাহ, কর্মসম্পাদন ইত্যাদির জন্য যে কোনো নির্দেশ প্রদান করলেই সে দপ্তর/প্রতিষ্ঠান প্রধান এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারী নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিযুক্ত হয়েছেন বলে গণ্য হবেন। সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী এবং বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের যে কোনো কর্মকর্তা/কর্মচারী নির্বাচনি দায়িত্বে নিযুক্ত কর্মকর্তাগণের অন্তর্ভুক্ত হতে পারেন। ভোটগ্রহণের জন্য সাময়িকভাবে নিযুক্ত বিভিন্ন স্তরের সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান ও বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি সকলেই নির্বাচন কর্মকর্তা। সুতরাং নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা অসদাচরণের অভিযোগে অভিযুক্ত হবেন এবং তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। বর্ণিত অবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/বেসরকারি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সচেতন থেকে নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
ডায়েরি নং ২৫৮৭ তারিখ ২০।৯।২০২০

১৩.০৯.২০২০

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮.১৯৩

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭ / ১৩ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
০২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৬। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৮। কমিশনার, ঢাকা/রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/রাজশাহী।
০৯। উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা/রাজশাহী রেঞ্জ।
১০। জেলা প্রশাসক, ঢাকা/নওগাঁ।
১১। পুলিশ সুপার, ঢাকা/নওগাঁ।
১২। আঞ্চলিক নির্বাচন অফিসার , ঢাকা অঞ্চল ও রিটার্নিং অফিসার।
১৩। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ ও রিটার্নিং অফিসার।
১৪। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ঢাকা/নওগাঁ।
১৫। উপজেলা নির্বাহী অফিসার, .............(সংশ্লিষ্ট)।
১৬। উপজেলা/থানা নির্বাচন অফিসার.............(সংশ্লিষ্ট)।
১৭। প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

১৬.০৯.২০২০

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নম্বর: ২৫৯ তারিখ: ১৭/৯/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

নির্বাচন অগ্রাধিকার

মুজিব শতবর্ষ

২৯ ভাদ্র ১৪২৭
তারিখ: ------------------
১৩ সেপ্টেম্বর ২০২০

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮.১৯৪

**বিষয়: একাদশ জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ ও ৫১ নওগাঁ-৬ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৫৯ তারিখ: ০৭.০৯.২০২০।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ১৭ অক্টোবর ২০২০ তারিখ শনিবার একাদশ জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ ও ৫১ নওগাঁ-৬ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সেদিকে লক্ষ্য রেখে অর্পিত দায়িত্ব পালন সংশ্লিষ্ট সকলের কর্তব্য। উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। নির্বাচন কমিশনের অনুরোধক্রমে সরকারের পক্ষ হতে আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

২। নির্বাচন কমিশন সচিবালয় জানিয়েছে যে নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের জন্য বিভিন্ন সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করা হবে। বিভিন্ন পর্যায়ের সরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ নির্বাচনের কাজে প্রত্যক্ষভাবে দায়িত্বপ্রাপ্ত হবেন। এছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গন ভোটকেন্দ্র হিসেবে এবং ঐ সকল প্রতিষ্ঠানের আসবাবপত্র নির্বাচনের কাজে ব্যবহৃত হবে।

৩। উক্ত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অতীতের মতো এ নির্বাচনেও নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন বলে সরকার আশা করে। নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের বিধান সংবলিত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নম্বর আইন)-এর ২ এর (ঘ) এবং ৪ এর (৩)(৪)(৫) ধারা অনুসারে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা/কর্মচারী উক্তরূপে নিয়োগের তারিখ হতে নির্বাচনি দায়িত্ব হতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত তাঁর নিজ চাকুরির অতিরিক্ত হিসেবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে চাকুরিরত বলে গণ্য হবেন। প্রেষণে চাকুরিরত অবস্থায় তিনি নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনে নির্বাচন কমিশন এবং ক্ষেত্রমতে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থাকবেন এবং তাঁদের যাবতীয় আইনানুগ আদেশ বা নির্দেশ পালনে বাধ্য থাকবেন। প্রেষণে থাকাকালে নির্বাচন সংক্রান্ত দায়িত্ব অগ্রাধিকার পাবে।

৪। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৫ অনুসারে সরকারের নির্বাহী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সকলের কর্তব্য। এমতাবস্থায়,

৫। (ক) উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা ও সহায়তা প্রদানের জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের আওতাধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

(খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষিকাদের প্রতিও অনুরূপ নির্দেশনা জারি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ডায়েরি নং ২৫১২ তারিখ ২০/৯/২০২০
উপসচিব (এমপিও) সহকারী প্রোগ্রামার
সিনিয়র সহকারী সচিব (সেবা) সহকারী সচিব (সংসদ)
সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন বাজেট)

C:\Users\user\Desktop\1-Running Note & Letter(Desktop)\11th National Election\Parliament Election(Letter).doc

(গ) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪৪ই অনুসারে নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ (পনের) দিন সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নির্বাচন কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে অন্যত্র বদলি করা যাবে না। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আধাসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থাসমূহকে নির্বাচনের কাজ শেষ না হওয়া পর্যন্ত নির্বাচনের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ছুটি প্রদান এবং অন্যত্র বদলি করা হতে বিরত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। উপরোল্লিখিত নির্দেশনা জারিসহ আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সর্বাত্মক সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.৯.২০২০

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০.২০১৮.১৯৪

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭ / ১৩ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা ~~মন্ত্রণালয়~~/ বিভাগ (সকল)।
০২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৬। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৮। কমিশনার, ঢাকা/রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/রাজশাহী।
০৯। উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা/রাজশাহী রেঞ্জ।
১০। জেলা প্রশাসক, ঢাকা/নওগাঁ।
১১। পুলিশ সুপার, ঢাকা/নওগাঁ।
১২। আঞ্চলিক নির্বাচন অফিসার , ঢাকা ও রিটার্নিং অফিসার।
১৩। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ ও রিটার্নিং অফিসার।
১৪। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ঢাকা/নওগাঁ।
১৫। উপজেলা নির্বাহী অফিসার, .............(সংশ্লিষ্ট)।
১৬। উপজেলা/থানা নির্বাচন অফিসার.............(সংশ্লিষ্ট)।
১৭। প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

১৩.০৯.২০২০

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email:gfa_branch@cabinet.gov.bd